শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# ০৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
## রংপুর সিটি কর্পোরেশন
### রংপুর।

www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০. তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২২ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা আগামী ১২/১২/২০২৩ ইং তারিখ বেলা ১১.০০ টায় কমিটির সভাপতি এবং ০৪ নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় কমিটির সম্মানিত সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(শ্রী হারাধন রায় হারা)
কাউন্সিলর-০৪ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ০৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

........................
........................
........................

স্মারক নং- ৪৬.১৮.০০০০. তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২২ খ্রিষ্টাব্দ

**বিতরণ (সদয় অবগতি এবং কার্যার্থে ):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
৪। অফিস নথি।

10-12-23

শ্রী হারাধন চন্দ্র রায়
কাউন্সিলর
ওয়ার্ড নং-০৪
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

(শ্রী হারাধন রায় হারা)
কাউন্সিলর-০৪ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ০৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# ০৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
## রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা

সভার তারিখঃ ১২/১২/২০২৩ খ্রী.

| ক্রম | কমিটির সদস্যগণের নাম লিখবেন | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | শ্রী হারাধন চন্দ্র রায় | সভাপতি | [signature] শ্রী হারাধন চন্দ্র রায় কাউন্সিলর ওয়ার্ড নং-০৪ রংপুর সিটি কর্পোরেশন, রংপুর। |
| ০২ | মোছাঃ সুলতানা পারভিন | সহ- সভাপতি | |
| ০৩ | মোঃ নওসাদ | সদস্য | |
| ০৪ | মোঃ এমদাদ আলী | সদস্য | [signature] |
| ০৫ | মোঃ হযরত আলী মোল্লা | সদস্য | [signature] |
| ০৬ | মোঃ লিয়াকত | সদস্য | [signature] |
| ০৭ | শ্রী প্রপুল্ল রায় | সদস্য | [signature] |
| ০৮ | দিনবন্ধু | সদস্য | [signature] |
| ০৯ | মোছাঃ খায়রুন নাহার | সদস্য | [signature] |
| ১০ | মোঃ সুলতান মাহমুদ | সদস্য | [signature] |
| ১১ | শ্রী লক্ষন চন্দ্র রায় | সদস্য | [signature] |
| ১২ | গাসিরুল ইসলাম নজু | সদস্য | [signature] |
| ১৩ | মোঃ আকতারুজ্জামান | সদস্য | [signature] |
| ১৪ | মোছাঃ রিনা | সদস্য | [signature] |
| ১৫ | মোছাঃ হাসিনা | সদস্য | [signature] |
| ১৬ | সুশীল চন্দ্র | সদস্য | [signature] |
| ১৭ | মোঃ আপেল | সদস্য | [signature] |
| ১৮ | মোঃ আমানুর (জয়) | সদস্য সচিব | [signature] মোঃ আমানুর রহমান উদ্যোক্তা ওয়ার্ড নং-৪ জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখা রংপুর সিটি কর্পোরেশন,রংপুর। |

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# ০৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
## রংপুর সিটি কর্পোরেশন
## রংপুর।

www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ
২০২৩ খ্রিষ্টাব্দ

---

## রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)-০৪ নং ওয়ার্ড
## ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : শ্রী হারাধন রায় (হারা)
কাউন্সিলর ০৪নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন।

পরিচালনায় : মোঃ আমানুর রহমান
০৪ নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন।

সভার স্থান : ০৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়।
বিনোদ, জলছাত্র রংপুর সিটি কর্পোরেশন।

সময় : সকাল ১১.০০ টা

উপস্থিতি : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা "পরিশিষ্ট ক"

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে সালাম ও স্বাগত জানান। সভাপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পবিত্র কোরআন থেকে তেলাওয়াত হয়। কমিটির সকল সদস্যগণকে নিজের পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানালে উপস্থিত সকলেই নিজের পরিচয় প্রদান করেন। সভাপতি বলেন, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে এ কমিটি গঠন করা হয়েছে। অতপর সভাপতি মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করার জন্য ওয়ার্ড সচিবকে অনুরোধ জানান।

ওয়ার্ড সচিব জনাব মোঃ আমানুর রহমান সভা কার্যক্রম শুরু করেন। তিনি ওয়ার্ডলেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) গঠনের মূল উদ্দেশ্য সম্পর্কে উপস্থিত কমিটির সদস্যগণকে অবহিত করেন। তিনি বলেন সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে যে সব সমস্যা রয়েছে সেগুলো চিহ্নিত করণ, নাগরিক সম্পৃক্ততা নিশ্চিতকরণ ইত্যাদি কার্যক্রমসমূহ এই কমিটির মাধ্যমে নগরবাসীকে অবহিত করা হবে। এবং এই কমিটির মাধ্যমে সিটি কর্পোরেশনের প্রান্তিক পর্যায়ের নাগরিকগণের প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা হবে।

ওয়ার্ড সচিব ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর রুপরেখা তুলে ধরেন তিনি বলেন জাইকার সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ি ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন-সিফোরসি প্রকল্পের মাধ্যমে গঠিত হয় এই ডব্লিউএলসিসি কমিটি' তিনি আরো বলেন এই কমিটিতে কাউন্সিলর মহোদয় সভাপতি, ওয়ার্ড সচিব সদস্য সচিব সদস্য হিসেবে রয়েছেন বিভিন্ন পেশাজীবি সংগঠনের প্রতিনিধি, ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, ব্যবসায়ী প্রতিনিধি, গণমাধ্যমের প্রতিনিধি, সামাজিক/ সাংস্কৃতিক/যুব সংগঠনের প্রতিনিধি, সুশীল সমাজ, বেসরকারী খাত (শিল্প ও বানিজ্য), নারী প্রতিনিধি রয়েছেন।

অতঃপর ওয়ার্ড সচিব উপস্থিত সকল সদস্যগণের উদ্দেশ্যে উন্মুক্ত আলোচনা করার আহবান জানালে নিম্নরুপ আলোচনা হয়

- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন শ্রী প্রপুল্ল রায় (সুশীল সমাজ প্রতিনিধি) তিনি বলেন দেশের দ্বিতীয় বৃহত্তম সিটি কর্পোরেশন রংপুর, এ সিটি কর্পোরেশনের উন্নয়ন বিচ্ছিন্নভাবে করলে সেই উন্নয়নের সুফল নাগরিকরা পাবে না, বরং নাগরিকগণের দুর্ভোগ বাড়বে এ জন্য চাই একজন দক্ষ নগরবিদ দিয়ে শত বছরের জন্য পরিকল্পনা করে সেই পরিকল্পনা মোতাবেক উন্নয়ন করা। তাহলে পরিকল্পিত নগর সেইসাথে টেকসই উন্নয়ন করা সম্ভব হবে।
- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন দিনবন্ধু রায় তিনি দরিদ্র মানুষের প্রতিনিধি হিসেবে তাকে কমিটিতে সদস্য রাখার জন্য ধন্যবাদ জানান। তিনি রংপুর সিটি কর্পোরেশনের মাধ্যমে সামাজিক উন্নয়নমুলক কর্মকান্ডকে আরো গতিশীল করতে এবং দারিদ্র জনগোষ্ঠির শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও সামাজিক উন্নয়ন কর্মসুচির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠির জীবনমান উন্নয়নের জন্য অনুরোধ করেন।

- জনাব আপেল রায় সাংবাদিক, বলেন নগরীতে রাস্তার পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদে রংপুর সিটি কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে অভিযান পরিচালনা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। তিনি নগরীর মডার্ণ মোড় হতে মেডিকেল মোড় পর্যন্ত রাস্তার পাশে গড়ে ওঠা পাকা-আধাপাকা অবৈধ স্থাপনা এবং ফুটপাথে গড়ে ওঠা টং দোকানসমূহ উচ্ছেদ করার জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন উচ্ছেদ অভিযান পরিচালনার সুবিধার্থে অভিযানের পূর্বেই অবৈধ স্থাপনাসমূহ লাল দাগ দিয়ে চিহ্নিত করা হলে অভিযান কার্যক্রমে গতি বাড়বে।

- বিশিষ্ট সমাজ সেবক জনাব মোঃ হযরত আলী মোল্লা বলেন কেবল বস্তুগত উন্নয়ন নয়, উন্নয়নে মানবিক দিকগুলোকেও প্রাধান্য দিতে হবে। তিনি শিক্ষা খাতে বিনিয়োগে পরামর্শ দেন, যাতে ভবিষ্যৎ প্রজন্ম উন্নয়ন কার্যক্রমের সবচেয়ে বড় সুফলভোগী হয়। স্বাস্থ্য কার্যক্রমেও প্রসার ঘটাতে তিনি পরামর্শ দেন। তাহলে প্রত্যাশিত আগামী প্রজন্ম সুশিক্ষিত, সুস্বাস্থ্যবান হবে।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | বর্জ্য ব্যবস্থাপনায় নাগরিকদের ভূমিকাকে প্রাধান্য দিয়ে বর্জ্যসমূহ উৎসে পৃথকীকরণ অর্থাৎ পচনশীল, অপচনশীল ঝুকিপূর্ণ বর্জ্যসমূহ পৃথক সংরক্ষণ এবং সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মীগনের নিকট হস্তান্তর করার বিষয়ে সিএলসিসির সদস্যগণকে জনগনের মাঝে প্রচারের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | |
| ০২ | নাগরিকদের বিভিন্ন সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে মতামতের উপর ভিত্তি করে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর মাধ্যমে সকল প্রকল্প প্রস্তাব গ্রহণ এবং বাস্তবায়নের বিষয়ে করা হলে তা অনেকটা যথোপযুক্ত হবে বলে তিনি মনে করেন | |
| ০৩ | নাগরিক পরিষেবার উন্নতিতে সকল শ্রেণি পেশার প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে মতামত গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়েছে | |

পরিশেষে এ কমিটির (WLCC) সদস্যদের পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শ্রী হারাধন রায় (হারা)
কাউন্সিলর- ০৪ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ০৪. নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২২ খ্রিষ্টাব্দ

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

**অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।

২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।


৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।

৪। অফিস নথি।

20-12-23

শ্রী হারাধন চন্দ্র রায়
কাউন্সিলর
ওয়ার্ড নং-০৪
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

(শ্রী হারাধন রায় (হারা)
কাউন্সিলর-০৪ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ০৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন


JICA
য়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির স
কর্পোরেশন পরিচালনা ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০৩
সভাপতি
জনাব শ্রী হারাধন চন্দ্র রায়
কাউন্সিলর, ওয়ার্ড নং: ০৪
রংপুর সিটি কর্পোরেশন
আয়োজনে : রংপুর সিটি কর্পোরেশন

